



**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**22 March 2026**

**7:35 AM IST**

আসাম বিধানসভা নিৰ্বাচনের মনোনয়ন পত্ৰ জমা করার আজ শেষ দিন । প্রতিদ্বন্দ্বি প্ৰাৰ্থীরা আজ বেলা তিনটে পৰ্যন্ত মনোনয়ন পত্ৰ জমা করতে পারবেন । কামৰূপ মহানগর জেলার ৫ টি বিধানসভা আসনের জন্য আজ বিভিন্ন রাজনৈতিক দলের প্ৰাৰ্থীরা মনোনয়ন পত্ৰ জমা করবেন । আমাদের গুয়াহাটীৰ সংবাদদাতা জানিয়েছেন যে বিজেপি থেকে দিসপুৰ আসনের জন্য প্ৰাৰ্থিত্ব লাভ করা প্ৰদ্যুৎ বরদলৈ , মধ্য গুয়াহাটীৰ প্ৰাৰ্থী বিজয় গুপ্তা , নিউ গুয়াহাটীৰ প্ৰাৰ্থী দিপু রঞ্জন শৰ্মা ও মিত্ৰদল অসম গণ পৰিষদ দলের ডিমৰীয়া আসনের প্ৰাৰ্থী ড: তপন দাস আজ মনোনয়ন পত্ৰ জমা করবেন । এদিকে দিসপুৰ আসনের কংগ্ৰেস প্ৰাৰ্থী মীরা বৰঠাকুৰ , নিউ গৌহাটীৰ প্ৰাৰ্থী শান্তনু বৰা , ডিমৰীয়াৰ প্ৰাৰ্থী কিশোর কুমাৰ বৰুয়া , জালুকবাৰীৰ কংগ্ৰেস প্ৰাৰ্থী বিদিশা নেওগ , এ জি পিৰ মধ্য গৌহাটীৰ প্ৰাৰ্থী কংকী চৌধুৰী মনোনয়নপত্ৰ জমা করবেন ।

বিজেপির জয়ন্ত মল্ল বরুয়া , চন্দ্রমোহন পাটোয়ারী ও নারায়ন ডেকাও আজ মনোনয়ন পত্র জমা করবেন । এদিকে কংগ্রেস দলের মনোনয়ন পত্র জমা করার সময় ছত্তিশগড়ের প্রাক্তন মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেল ,আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি গৌরব গগৈ ও নিখিল ভারত কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক জীতেন্দ্র সিং এর উপস্থিত থাকার কথা রয়েছে ।

---

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে আজ মনোনয়ন পত্র জমা করার শেষ দিন শান্তি শৃংখলা বজায় রাখা সহ সম্পূর্ণ প্রক্রিয়া নির্বিঘ্নে সম্পন্ন করার জন্য ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে আজ সকাল ৯টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত জেলা নির্বাচনী আধিকারীকের কার্যালয়ের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে সড়কের পাশে ব্যবসা পরিচালনা করা যাবে না । এছাড়া পাঁচ বা ততোধিক ব্যক্তি জড়ো হতে পারবেন না । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে এই নিষেধাজ্ঞা সরকারী দায়িত্বে নিয়োজিত কর্মীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না । নির্দেশ অমান্য করলে ভারতীয় ন্যায় সংহিতার ২২৩ ধারার অধীনে আইনী ব্যবস্থা গ্রহন করা হবে ।

---

এদিকে কাছাড় জেলার উধারবন্দ , ধলাই বিধানসভা আসনের সাধারণ পর্যবেক্ষক ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারীক নীতিন কে পাটিল-এর স্থানে ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারীক কানুহুয়াই এইচ বাগাতেকে নিয়োগ করা হয়েছে । নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রার্থী ও রাজনৈতিক দলগুলির সাথে সরাসরি মত বিনিময় ও অভিযোগ গ্রহনের উদ্দেশ্যে তিনি প্রতিদিন

সকাল ৯টা থেকে সকাল ১০টা পর্যন্ত শিলচর আর্বত ভবনের সম্মেলন কক্ষে থাকবেন ।

---

রাজ্য নির্বাচন কমিশন আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য আসামে ই ভি এম ও ভিভিপিটগুলির প্রথম পর্যায়ের রেভমাইজেশন সম্পন্ন করেছে । নির্বাচন কমিশন সূত্রে জানানো হয়েছে যে দ্বি-স্তরীয় রেভমাইজেশন প্রক্রিয়ার মাধ্যমে ই ভি এম গুলি প্রতিটি ভোটকেন্দ্রে বিতরণ করা হয় । প্রথম পর্যায়ে জেলা পর্যায়ের গুদামঘর থেকে বিধানসভা কেন্দ্রগুলোতে ইভিএম বন্টন করা হয় । দ্বিতীয় পর্যায়ে ইভিএম গুলি ভোটকেন্দ্রে বিতরণ করা হয় । নির্বাচন কমিশনের নির্দেশ অনুসারে জেলা নির্বাচনী আধিকারীদের সব স্তরের পরীক্ষার পর ত্রুটিমুক্ত ইভিএম এবং ভিভিপিটগুলি বন্টন করা হয়েছে । উল্লেখ্য জাতীয় ও রাজ্যের স্বীকৃতিপ্রাপ্ত রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের উপস্থিতিতে জেলা নির্বাচন আধিকারিকরা ইভিএম ব্যবস্থাপনা প্রণালির মাধ্যমে এই বন্টন প্রক্রিয়া সম্পন্ন করেন ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গতকাল শিলচর , উখারবন্দ ও ধলাই বিধানসভা নির্বাচনের জন্য বিজেপির টিকিট বঞ্চিত বিধায়ক দিপায়ন চক্রবর্তী , মিহিরকান্তি সোম এবং নিহার রঞ্জন দাসের সঙ্গে এক বৈঠকে মিলিত হন । বৈঠকে দলের আভ্যন্তরীণ পরিস্থিতির বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা অনুষ্ঠিত হয়েছে বলে জানা গেছে ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলায় বিধানসভা নির্বাচন অবাধ , সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে বেশ কিছু বিধি নিষেধ জারী করা হয়েছে । বিধি নিষেধ অনুসারে অনুমতি ছাড়া পাঁচ বা ততোধিক ব্যক্তি জড়ো হতে পারবেন না । এছাড়া অনুমতি ছাড়া কোন সরকারী বা বেসরকারী প্রাঙ্গন , শিক্ষা প্রতিষ্ঠান , অতিথিশালায় নির্বাচনী প্রচার চালানো যাবে না । কোন ধরনের অস্ত্র , বিস্ফোরক বা সন্দেহজনক বস্তু বহন করা যাবে না এবং জনসমক্ষে বাজি ফাটানো যাবে না । কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কোন জনসভা , র্যালি , ধর্না বা মিছিল করা যাবে না । পাশাপাশি কোন জাতি , ধর্ম বা সম্প্রদায়কে আঘাত করে এমন কোন উস্কানিমূলক ভাষন , স্লোগান , দেওয়াল লিখন করা যাবে না । এছাড়া জেলা আয়ুক্তের কার্যালয়ের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে কোন যানবাহন রাখা যাবে না । এই নির্দেশ সরকারী কর্মী , আধিকারীক , পুলিশ ,আধা -সামরিক বাহিনী বা এম্বুল্যান্স ও অগ্নি নির্বাপক বাহিনীর ক্ষেত্রে প্রযোজ্য হবে না ।

---

শ্রীভূমি জেলায় নির্বাচন সংক্রান্ত যেকোন ধরনের অভিযোগ জানাতে জেলা পর্যায়ে একটি কন্ট্রল রুম খোলা হয়েছে । এই কন্ট্রল রুমের টেলিফোন নম্বর হচ্ছে-০৩৮৪৩-২৬২১৭১ । এই কন্ট্রল রুম ২৪ ঘন্টা খোলা থাকবে । উল্লেখ্য কন্ট্রল রুমের আগের পরিবর্তন করে এই নতুন নম্বর দেওয়া হয়েছে ।

---

কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক থেকে জানানো হয়েছে যে দেশে পেট্রল এবং ডিজেল যথেষ্ট পরিমাণে মজুত রয়েছে । মন্ত্রক জানিয়েছে যে রান্নার গ্যাসের ঘরুয়া সিলিন্ডার বিতরণ ব্যবস্থা স্বাভাবিক রয়েছে এবং দ্রুত গ্যাস বুকিংয়ের সংখ্যাও হ্রাস পেয়েছে । এছাড়া

রাজ্যগুলোতে বাণিজ্যিক সিলিন্ডার বিতরণ করার গতি আগের থেকে অধিক হয়েছে এবং শিক্ষা প্রতিষ্ঠান ও হাসপাতালগুলিকে এ ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হচ্ছে বলে মন্ত্রক জানিয়েছে ।

---

---